

রোগীর দোয়া, আল্লাহর জওয়াব, ও জাহান্নাম থেকে মুক্তি

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ

রোগীর দোয়া, আল্লাহর জওয়াব, ও জাহান্নাম থেকে মুক্তি

৯০৯- وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ وَأَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّهُمَا شَهِدَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ مَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ

৯৮

রিয়াদুস সালেহীন

صَدَّقَهُ رَبُّهُ فَقَالَ لَا إِلَهَ إِلَّا أَنَا وَأَنَا أَكْبَرُ وَإِذَا قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ قَالَ يَقُولُ لَا إِلَهَ إِلَّا أَنَا وَحْدِي لَا شَرِيكَ لِي وَإِذَا قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ قَالَ لَا إِلَهَ إِلَّا أَنَا لِي الْمُلْكُ وَلِي الْحَمْدُ وَإِذَا قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ قَالَ لَا إِلَهَ إِلَّا أَنَا وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِي وَكَانَ يَقُولُ مَنْ قَالَهَا فِي مَرَضِهِ ثُمَّ مَاتَ لَمْ تَطْعَمَهُ النَّارُ- رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ حَدِيثٌ حَسَنٌ .

হযরত আবু সাঈদ খুদরী ও আবু হুরায়রা(রাঃ) থেকে বর্ণিত। তাঁরা এ ব্যপারে রাসুলুল্লাহ(সাঃ) এর পক্ষে সাক্ষ্য দেন যে, নিশ্চয়ই তিনি বলেছেন যে ব্যক্তি বলে আল্লাহ ব্যতীত কোন ইলাহ্ নেই এবং আল্লাহ সর্বশ্রেষ্ঠ, তার প্রভু তার এ কথাগুলোর সত্যতার স্বীকৃতি দেন।

তারপর বলেনঃ আমি ব্যতীত আর কোন ইলাহ্ নেই এবং আমিই সর্বশ্রেষ্ঠ। আর যখন সে বলেঃ আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ্ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই। মহান আল্লাহ বলেন, আমি ব্যতীত আর কোন ইলাহ্ নেই, আমি একক, আমার কোন শরীক নেই, আবার যখন সে বলেঃ আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ্ নেই, রাজ্যত তাঁরই, প্রশংসা তাঁরই জন্য। মহান আল্লাহ বলেনঃ আমি ব্যতীত আর কোন ইলাহ্ নেই, রাজ্যত আমারই, সমস্ত প্রশংসা আমারই জন্য। আর যখন সে বলেঃ আল্লাহ ব্যতীত কোন ইলাহ্ নেই এবং আল্লাহর পক্ষ থেকে সাহায্য ব্যতীত পাপ থেকে দূরে থাকা ও আনুগত্যের শক্তি লাভ করা সম্ভব নয়। আল্লাহ বলেন, আমি ব্যতীত কোন ইলাহ্ নেই, পাপ থেকে দূরে থাকা এবং আনুগত্যের শক্তি লাভ করা সম্ভব নয়। আর তিনি বলেন, যে ব্যক্তি নিজের রোগের মধ্যে এ কথাগুলো বলে, তারপর মৃত্যুবরণ করে, দোষখের আগুন তাকে স্পর্শ করবে না।
(তিরমিযী)

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু